চিটাগাং ড্রাই ডক লিমিটেড
বাংলাদেশ নৌবাহিনী
পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম

২৩.০২.১৫৬৫.৩৪১.১১.০০১.২০. ৯১৮

২২ আশ্বিন ১৪২৭
০৭ অক্টোবর ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

চিটাগাং ড্রাই ডক লিমিটেড (সিডিডিএল), বাংলাদেশ নৌবাহিনী, পোঃ বক্স নং-২০০৭ (বন্দর), পূর্ব পতেঙ্গা, চট্টগ্রাম-এ নিম্নোক্ত পদসমূহে স্থায়ী নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১। | প্রশাসনিক কর্মকর্তা (জাতীয় বেতন স্কেল-২০১৫ গ্রেড-০৯) | ০১ | অনূর্ধ্ব- ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)। | স্নাতক (সম্মান) ডিগ্রি এবং জাহাজ নির্মাণ ও মেরামতকারী প্রতিষ্ঠানে ন্যূনতম ০১ (এক) বছরের চাকরির অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৪ (চার) বছরের চাকরির অভিজ্ঞতা; অথবা, স্নাতকোত্তর ডিগ্রি এবং জাহাজ নির্মাণ ও মেরামতকারী প্রতিষ্ঠানে ন্যূনতম ০১ বছরের চাকরির অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা |
| ২। | হিসাবরক্ষণ কর্মকর্তা (জাতীয় বেতন স্কেল-২০১৫ গ্রেড-০৯) | ০১ | অনূর্ধ্ব- ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)। | বাণিজ্যে স্নাতক (সম্মান) ডিগ্রি এবং জাহাজ নির্মাণ ও মেরামতকারী প্রতিষ্ঠানে ন্যূনতম ০১ (এক) বছরের চাকরির অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০৪ (চার) বছরের চাকরির অভিজ্ঞতা; অথবা, বাণিজ্যে স্নাতকোত্তর ডিগ্রি এবং জাহাজ নির্মাণ ও মেরামতকারী প্রতিষ্ঠানে ন্যূনতম ০১ বছরের চাকরির অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা |
| ৩। | দপ্তর সহকারী (জাতীয় বেতন স্কেল-২০১৫ গ্রেড-১২) | ০১ | অনূর্ধ্ব- ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)। | স্নাতক ডিগ্রি এবং জাহাজ নির্মাণ ও মেরামতকারী প্রতিষ্ঠানে ন্যূনতম ০১ (এক) বছরের চাকরির অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ০২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা এবং কম্পিউটার পরিচালনায় দক্ষতা |
| ৪। | সুপারভাইজার (জাতীয় বেতন স্কেল-২০১৫ গ্রেড-১২) | ০২ | অনূর্ধ্ব- ৩০ বছর। (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য)। | কারিগরি বিষয়ে ট্রেড কোর্স/ভোকেশনাল/সমমান পাস এবং জাহাজ নির্মাণ ও মেরামতকারী প্রতিষ্ঠানে ন্যূনতম ০৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে মোট ১০ (দশ) বছরের অভিজ্ঞতা |

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় : ১৫ অক্টোবর ২০২০ ইং বিকাল ৪.৩০ ঘটিকা।

বিশেষ দ্রষ্টব্যঃ

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২। চিটাগাং ড্রাই ডক লিমিটেড-এ কর্মরত প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে এবং অনুরূপ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ও শর্তাবলী শিথিলযোগ্য। এক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩। খামের উপর আবেদনকৃত পদের নাম এবং বিজ্ঞপ্তির সূত্র নম্বর উল্লেখ করতে হবে।

৪। আবেদনপত্র প্রতিষ্ঠান হতে সরাসরি সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। এছাড়া, প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে দরখাস্ত করা যাবে।

৫। আবেদনপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের পে-অর্ডার (অফেরতযোগ্য) মহাব্যবস্থাপক (প্রশাসন ও মানবসম্পদ), সিডিডিএল বরাবর সংযুক্ত করতে হবে।

৬। প্রতিষ্ঠানের ওয়েবসাইট www.cddl.gov.bd এর 'Career' অপশনে গিয়ে 'Apply Online' থেকেও সরাসরি আবেদন করা যাবে। সেক্ষেত্রে পরীক্ষার সময় ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল ডিগ্রির মূল কপি এবং পে-অর্ডারের মূল কপি অবশ্যই সাথে আনতে হবে।

৭। প্রার্থীকে অবশ্যই আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতা সনদপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে; অন্যথায়, আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল ডিগ্রির মূল/সাময়িক সনদপত্র এবং জাতীয়তা সনদপত্র প্রদর্শন করতে হবে।

৮। যে সকল আবেদনকারীর আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে, তাদেরকে পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অবহিত করা হবে। সিডিডিএল কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৯। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। সিডিডিএল এর চাকরি হতে বহিস্কৃত হলে চাকরিতে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

১২। সিডিডিএল কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল/প্রত্যাহারের সর্বসত্ত্ব অধিকার সংরক্ষণ করেন।

এম আব্দুল কাদের
ক্যাপ্টেন বিএন
পক্ষে ব্যবস্থাপনা পরিচালক

D:\PC-1\2020\Advertisement (NAVY)\2020\October-20\Permanent\প্রশাসনিক কর্মকর্তা+সুপারভাইজার.doc

Scanned with CamScanner